

## শেখ আলীমের হাইকু - ৬

জীবনের চোরা গলিতে হাইকু খুঁজি  
শব্দের জুয়া সারা দিনমান ছন্দ ধরেছি বাজী  
হরতনের বিবির ফাঁদে রুহিতনের গোলাম।

সংসার করি সন্যাসে দিন গুনি  
গীতা বাইবেল ত্রিপিটক পড়ি কোরানের বাণী গুনি  
আদি ও অন্ত মানুষের ইতিহাস।

জোছনা মাতাল শ্যাম পীরিতি রাত  
বিষের বাঁশী নোঙর কাটে কূল হারালো রাই  
অথই গাঙের জলে নায়ের ছলাৎ।

একশো একটি রঙীন বেলুন কিনে  
তাকে তোকে আর তোমাকে বিলাই সুখের অন্বেষণে  
রুদ্ধ বাতাসে ফোলানো রঙীন তৃপ্তি।

ঘড়ির কাঁটায় উজান রাত্রি কাটে  
আমি নিশ্চুপ তুমি কহো নাই হৃদয়ের সংলাপ  
নিভৃত নীথর এই মৌনতা পাপ।

ওষ্ঠে অনল কণ্ঠে করাল বিষ  
ওভাবে বোলো না ওভাবে ফিরিয়ে দিও না  
যেতে হলে দাও চুম্বন শুভাশীষ।